November
2024

# Newspaper Clips

Based on
Times of India | The Hindu | Economic Times | Financial Express | The Telegraph | Deccan | The Statesman | The Tribune | The Asian Age | Aajkaal | Anandabazar Patrika | Ekdin | Sanmarg | Eisamay | Business Line | Sangbad Pratidin

CNCI

Chittaranjan National Cancer Institute
Central Library

सन्मार्ग
खबरें अनेक सच्चाई एक
sanmarg.in

Date: 05.11.2024

बीआर सिंह हॉस्पिटल में मनाया गया ब्रेस्ट कैंसर अवेयरनेस मंथ-सन्मार्ग, 5th Nov. 2024

# बीआर सिंह हॉस्पिटल में मनाया गया ब्रेस्ट कैंसर अवेयरनेस मंथ

सन्मार्ग संवाददाता

**सियालदह :** स्तन कैंसर दुनिया भर में दूसरा सबसे आम कैंसर है। लगभग 12 में से 1 महिला इससे पीड़ित है। इसीलिए सियालदह डिविजन ने 30 अक्टूबर को बीआर सिंह अस्पताल के सभागार में डॉ. शुभाशीष दास, चिकित्सा निदेशक बीआर सिंह और डॉ. शांतनु सेन, सलाहकार ऑन्कोसर्जन की गरिमामयी उपस्थिति में स्तन कैंसर जागरुकता माह मनाया। इस वर्ष के समारोह का विषय था 'स्तन कैंसर का सामना अकेले किसी को नहीं करना चाहिए', जिसमें जीवित बचे लोगों के लिए समय पर चिकित्सा सहायता के साथ-साथ भावनात्मक समर्थन पर जोर दिया गया। कार्यक्रम का संचालन डॉ. मंदिरा बनर्जी ने सीएमएस/सियालदह डॉ. कल्पना मंडल के मार्गदर्शन में किया। डॉ. मंदिरा बनर्जी ने अपने भाषण में स्तन कैंसर



का शीघ्र पता लगाने और समय पर उपचार पर जोर दिया। कंसल्टेंट ऑन्कोसर्जन डॉ. संजय सेन ने स्तन कैंसर के मुख्य लक्षणों के साथ-साथ धूम्रपान, शराब पीना, भोजन में मिलाए गए रंगों के संपर्क में आना आदि जोखिम कारकों पर चर्चा की। स्त्री रोग विशेषज्ञ डॉ. उदिता देव ने स्तन स्व-परीक्षण का विस्तार से प्रदर्शन किया।

The Statesman

Date: 06.11.2024

Folk Singer Sharda Sinha, 72, dies at AIIMS- The Statesman, 06th Nov. 2024

# FOLK SINGER SHARDA SINHA, 72, DIES AT AIIMS

**New Delhi, Nov. 5:** Popular folk singer Sharda Sinha, who was undergoing treatment at All India Institute of Medical Sciences (AIIMS)-Delhi, died on Tuesday night. She was 72. "Sharda Sinha expired at 9.20 pm due to refractory shock as a result of septicemia," an AIIMS official said.

Sinha was known among her fans for folk songs such as "Kartik Maas Ijoriya" and "Koyal Bin" as well as Bollywood numbers "Taar Bijli" from "Gangs of Wasseypur- II" and "Babul" from "Hum Aapke Hain Koun".

Earlier, AIIMS said Prime Minister Narendra Modi is continuously monitoring Sinha's condition and has prayed for her speedy recovery.

Sinha, a Padma Bhushan recipient synonymous with folk songs in Bhojpuri, Maithili, and Maghahi languages, was on ventilator support following a health complication due to multiple myeloma, a form of blood cancer.

The singer was admitted to the intensive care unit of Institute Rotary Cancer Hospital (IRCH), the cancer institute of AIIMS, last month.

सन्मार्ग
खबरें अनेक सच्चाई एक
sanmarg.in

Date: 07.11.2024

फेफड़ों के कैंसर से सुरक्षा देता है लहसुन- सन्मार्ग, 7th Nov. 2024

# फेफड़ों के कैंसर से सुरक्षा देता है लहसुन



पेन स्टेट यूनिवर्सिटी डिर्पाटमेंट ऑफ न्यूट्रीशन के एम. डी जॉन मिल्नर व उनके सहयोगियों द्वारा किए गए एक शोध के अनुसार भोजन में लहसुन का अधिक सेवन फेफड़ों के कैंसर से सुरक्षा देता है। लहसुन में एक यौगिक डाइलिल ट्रिसूलफाइड (डी ए टी एस) पाया जाता है जो न केवल फेंफड़ों में कैंसर के सेल्स को फैलने से रोकता है बल्कि इनको खत्म भी करता है। इस शोध में जॉन मिल्नर ने पाया कि 24 घंटों के दौरान 10 माइक्रोग्राम डी. ए. टी. एस की मात्रा ने कैंसर सेल्स की वृद्धि को 47 प्रतिशत कम किया, इसलिए डॉ. जॉन मिल्नर का मानना है कि व्यक्ति को लहसुन की अधिक मात्र का सेवन करना चाहिए। डी. ए. टी. एस लहसुन के तेल और साधारण लहसुन की पत्तियां, दोनों में पाया जाता है।

আনন্দবাজার পত্রিকা

Date: 08.11.2024

সচেতনতার প্রচারে ত্রুটিই ক্যানসার নিয়ন্ত্রণে বাধা- আনন্দবাজার পত্রিকা, 8th Nov. 2024

# সচেতনতার প্রচারে ত্রুটিই ক্যানসার নিয়ন্ত্রণে বাধা

**নিজস্ব সংবাদদাতা**

সময়ের সঙ্গেই দেশ জুড়ে ক্যানসার আক্রান্তের সংখ্যা বাড়ছে। চিকিৎসকদের একাংশের দাবি, রোগ নির্ণয় বেশি সংখ্যক হওয়ায় বাড়ছে রোগীর সংখ্যা। কিন্তু এ কথা মানতে নারাজ শহরের সিনিয়র চিকিৎসকদের অনেকেই। বরং তাঁরা বলছেন, "ক্যানসার সচেতনতার প্রচারে এখনও ত্রুটি আছে। যে কারণে সমাজের সর্বত্র সচেতনতার বার্তা পৌঁছচ্ছে না।"

ক্যানসার সচেতনতার বার্তা সমাজের সর্বত্র পৌঁছে দিতে বৃহস্পতিবার এক আলোচনাসভার আয়োজন করেছিলেন বাইপাস সংলগ্ন একটি বেসরকারি হাসপাতালের ক্যানসার ইউনিটের চিকিৎসকেরা। তাঁরা জানাচ্ছেন, পরিসংখ্যান বলছে, দেশে পুরুষদের ক্ষেত্রে ফুসফুসের ক্যানসার রোগী বেড়েছে। ২০২০-তে সংখ্যাটি ছিল ৭১,৭৮৮। ২০২৫-এ সেটি ৮১,২১৯ হবে বলেই অনুমান চিকিৎসকদের। স্তন ক্যানসারে আক্রান্ত মহিলার সংখ্যা ২০২০-তে ছিল ২ লক্ষ ৫ হাজার ৪২৪। ২০২৫-এ সেটি হবে ২ লক্ষ ৩২ হাজার ৮৩২।

মেডিকা হাসপাতালের সভাগৃহে আয়োজিত ওই অনুষ্ঠানে এ দিন ক্যানসার নিয়ে কাজ করা ১০টি স্বেচ্ছাসেবী সংস্থাকে ডাকা হয়েছিল। ওই হাসপাতালের ক্যানসার চিকিৎসক সুবীর গঙ্গোপাধ্যায় বলেন, "সরকারি, বেসরকারি, সব স্তরেই ক্যানসার নিয়ে প্রচার হচ্ছে। তাতেও কোথাও ত্রুটি থাকছে, যে কারণে মানুষকে সচেতনতার বার্তা বিশ্বাস করাতে পারছি না।" তিনি জানান, ক্যানসার নিয়ে কাজ করা স্বেচ্ছাসেবী সংস্থাগুলিকে একত্রিত হয়ে ক্যানসারের বিরুদ্ধে লড়তে হবে। তাতে সচেতনতার প্রচার বেশি কার্যকর হবে।

The Statesman

Date: 08.11.2024

Lawmakers snooze as digital dangers escalate among our youth- The Statesman, 8th Nov. 2024

# Lawmakers snooze as digital dangers escalate among our youth

The Covid-19 pandemic's forced transition to online education has inadvertently exposed Bhutan's children to unprecedented digital risks, highlighting a critical gap in our legal framework. It is deeply concerning that schools continue to use social media platforms for educational purposes without adequate safeguards after Covid-19, all in the name of hybrid learning. The current Information, Communication and Media Act 2018 falls woefully short of protecting our youth from the myriad dangers lurking in the digital sphere. The pandemic-driven shift to online learning created an unexpected surge in social media usage among students, as schools rapidly adopted these platforms for homework assignments and educational communication. While this digital transition was necessary during the crisis, it has created lasting challenges that demand immediate legislative attention.

The consequences of this unregulated digital exposure are particularly alarming and issue of cyber bullying are increasing. Studies on the impacts of smartphones reveal dual concerns: physical safety and mental health effects. While the International Agency for Research on Cancer classified mobile phone radiation as "possibly carcinogenic" in 2011, research shows mixed results ~ a large Danish study found no clear links to cancer, although scientists have observed changes in brain activity, sleep patterns, and reaction times. Of potentially greater immediate concern are the documented mental health impacts, particularly among young people. Since smartphones and social media became widespread, there has been an alarming surge in adolescent depression, anxiety, loneliness, and suicide rates, with suicide becoming the leading cause of death for ages 13-14 and the second-leading cause for ages 15-24 in the U.S. The situation has become so severe that both the American Academy of Pediatrics and the CDC have issued emergency warnings, with the CDC reporting that nearly half of high school students feel persistently "sad or hopeless," particularly affecting LGBTQ and female teens. Countries like Australia are considering legislation to ban social media for youth, while several U.S. states have implemented laws and also compelling social media companies to adopt strict measures to protect children from harmful effects.

The financial implications of this digital transition have also deepened educational inequalities. Bhutan's expensive internet services, combined with rising living costs and minimal income levels among the majority, have created a substantial digital divide. Many families struggle to provide the necessary devices and internet access for their children's education, placing an undue burden on our most vulnerable communities.

To address these challenges, our Parliament must enact comprehensive national social media legislation. Such legislation may include the incorporation of mandatory social media literacy and digital wellness education in school curricula. This should encompass age-appropriate instruction on responsible technology use, mental health awareness, and critical thinking skills.

The legislations should impose duties on schools to implement strict device management policies, including secure phone storage facilities and controlled internet access that restricts social media use except for authorized educational purposes under supervision. The bill should also prohibit predatory service features targeting youth by service providers, such as late-night schemes, and implement mandatory quiet hours for youth-focused digital services.

The establishment of such legislation would position us as a pioneer in youth-centred digital safety while aligning with our commitment to Gross National Happiness. We cannot afford to wait as our children's mental and physical well-being hangs in the balance.

KUENSEL

The Statesman

Date: 08.11.2024

Women participate in the 'Saree Walkathon' on the occasion of National Cancer Awareness Day in Jabalpur on Thursday- The Statesman, 8th Nov. 2024



Women participate in the 'Saree Walkathon' on the occasion of National Cancer Awareness Day in Jabalpur on Thursday. ■ ANI

প্রতিদিন

Date: 09.11.2024

বিশ্ব স্বাস্থ্য সংস্থার সঙ্গে এস এস কে এমের গাঁটছড়া

ছয় ইঞ্চির মেশিন ধরবে স্তনের ক্যানসার - সংবাদ প্রতিদিন, 9th Nov. 2024

## বিশ্ব স্বাস্থ্য সংস্থার সঙ্গে এস এস কে এমের গাঁটছড়া

# ছয় ইঞ্চির মেশিন ধরবে স্তনের ক্যানসার

**স্টাফ রিপোর্টার:** এসএসকেএমের মুকুটে নতুন পালক। স্তন ক্যানসার নির্ণয়ের বিশেষ ক্লিনিকাল ট্রায়ালে বাংলার এসএসকেএমকে বেছে নিল বিশ্ব স্বাস্থ্য সংস্থা। বিশ্ব স্বাস্থ্য সংস্থা বাজারে এনেছে একটি ছয় ইঞ্চির যন্ত্র। বিশেষজ্ঞরা বলছেন, তার মাধ্যমে আল্ট্রাসাউন্ড পরীক্ষা করে স্তন ক্যানসার নির্ণয় করা যাবে। দেশের সমস্ত হাসপাতালকে পিছনে ফেলে এই গ্লোবাল ক্লিনিকাল ট্রায়ালের অংশীদার হয়েছে এসএসকেএম হাসপাতাল।

এসএসকেএমে ডা. দীপ্তেন্দ্র সরকার, ডা. পার্থ বসুর নেতৃত্বে শুরু হয়েছে ক্লিনিকাল ট্রায়াল। এর আগে এই ট্রায়ালের একটা অংশ অনুষ্ঠিত হয়েছিল মালাবার ক্যানসার সেন্টারে। তবে সেটা ভ্যালিডেশন স্টাডি। কিন্তু ক্লিনিকাল ট্রায়ালে এসএসকেএমে প্রথম।

ডা. দীপ্তেন্দ্র সরকার জানিয়েছেন, এই ট্রায়ালের মূল উদ্দেশ্য নন রেডিওলজিস্ট অর্থাৎ যাঁরা রেডিওলজিস্ট নন, তেমন চিকিৎসককে দিয়ে আল্ট্রাসাউন্ড করিয়ে ক্যানসারের নির্ণয় করা।



দেশে তো বটেই বাংলায় উত্তরোত্তর বাড়ছে স্তন ক্যানসার। পরিসংখ্যান বলছে, বিশ্বে প্রতি ৮ জনের মধ্যে এক জন নারী স্তন ক্যানসারে আক্রান্ত। বাদ যাচ্ছেন না পুরুষরাও। দেশের পরিসংখ্যানও বেশ উদ্বেগজনক । দেশে প্রতি ২২ জন মহিলার মধ্যে ১ জন স্তন ক্যানসারে আক্রান্ত।

বাংলার কোনায় কোনায় অত রেডিওলজিস্ট নেই। ফলত ক্যানসার নির্ণয়ের ক্ষেত্রে বিশ্ব স্বাস্থ্য সংস্থা-এসএসকেএমের ক্লিনিকাল ট্রায়াল সফল হলে নতুন দিগন্ত খুলে যাবে। কীভাবে কাজ করবে নতুন যন্ত্র? এসএসকেএম হাসপাতালের সার্জন ডা. দীপ্তেন্দ্র সরকার

■ পরিসংখ্যান বলছে, বিশ্বে প্রতি ৮ জনের মধ্যে এক জন নারী স্তন ক্যানসারে আক্রান্ত। বাদ যাচ্ছেন না পুরুষরাও।

জানিয়েছেন, গ্রামের কোনও একজন মহিলা হয়তো স্তনে হাত দিয়ে কোনও মাংসপিণ্ডের অনুভূতি পেলেন। সেই টিউমারটা বিনাইনও হতে পারে। ক্যানসারও হতে পারে। এবার ওই মহিলাকে শহরে আসতে হবে না। বাড়ির কাছে ব্লক লেভেলের চিকিৎসা কেন্দ্রে গিয়ে ওই যন্ত্রের মাধ্যমে আল্ট্রাসাউন্ড করতে পারবেন। আল্ট্রাসাউন্ড ডিভাইসটা ফোনের সঙ্গে ইন্টারনাল ওয়াইফাইয়ের মাধ্যমে যুক্ত থাকবে। ফোনের মধ্যেই দেখা যাবে এই টিউমারটা সন্দেহজনক নাকি স্রেফ নিরীহ টিউমার। যদি দেখা যায় ক্যানসারের কোষ রয়েছে তখন ব্লক লেভেল থেকে হায়ার সেন্টারে রেফার করা হবে ওই মহিলাকে।

প্রথমদিকে নন রেডিওলজিস্ট সমস্ত চিকিৎসক এই যন্ত্র ব্যবহার করবেন। ট্রায়াল সফল হলে আগামীতে নার্সিং স্টাফদের হাতেও এই বিশেষ যন্ত্র তুলে দেওয়া হবে। ট্রায়াল শুরু হয়ে গিয়েছে। খুব শিগগির ডায়মন্ড হারবারে যাবেন এসএসকেএমের চিকিৎসকরা। যাওয়া হবে এম আর বাঙুর, ন্যাশনাল মেডিক্যাল কলেজে। এসএসকেএম সূত্রে জানা গিয়েছে, ২০২৫-এর ডিসেম্বর পর্যন্ত চলবে ট্রায়াল। ইতিমধ্যেই সত্তরজন রোগীর রিপোর্ট বিশ্ব স্বাস্থ্য সংস্থার কাছে পাঠানো হয়েছে। এই ব্যবস্থায় এই মুহূর্তে ২৮ টি স্পোক রয়েছে। রয়েছে ন'টি হাব।

উন্নতমানের পরিকাঠামো যুক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলিকে বলা হচ্ছে 'হাব'। তার অধীনে থাকছে অপেক্ষাকৃত কম পরিকাঠামোযুক্ত স্বাস্থ্যকেন্দ্র। সেইগুলোকে বলা হচ্ছে স্পোক। হাব অ্যান্ড স্পোক মেথড ব্যবহার করেই চলবে এই ট্রায়াল।

আনন্দবাজার পত্রিকা

Date: 09.11.2024

কোলোরেক্টাল ক্যান্সার- আনন্দবাজার পত্রিকা, 9th Nov. 2024

# কোলোরেক্টাল ক্যান্সার

ডাঃ সৌমেন দাস, অঙ্কো সার্জেন, এইচ ও ডি সার্জিক্যাল অঙ্কোলজি, এনসিআরআই হসপিটাল

**কোলোরেক্টাল ক্যান্সার কাকে বলে?** কোলন ক্যান্সার বা কোলোরেক্টাল ক্যান্সার হলো অন্ত্রের একটি রোগ, যা মলদ্বার বা কোলন থেকে উৎপন্ন হয়। এটি কোলন ক্যান্সার নামে ও পরিচিত। বেশিরভাগ ক্যান্সারের মতো কোলোরেক্টাল ক্যান্সারের ও একাধিক কারণ আছে। কিছু ক্ষেত্রে উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত বলে মনে করা হয়। পরিবারে কারোর কোলন ক্যান্সার থাকলে বংশগত কারণে পরবর্তী প্রজন্মের পুরুষদের মধ্যে দেখা যায়।

**লক্ষণ কি হতে পারে?** বাওয়েল হ্যাবিটের পরিবর্তন, ডায়রিয়া অথবা কোষ্ঠকাঠিন্য, বদহজম, ক্ষিদে কমে যাওয়া, ওজন হ্রাস, পায়খানার সাথে রক্ত পড়া ইত্যাদি।

**এই ধরনের ক্যান্সারের প্রধান কারণ কি হতে পারে?** খাদ্যগ্রহণ অর্থাৎ রেডমিট বেশি খাওয়া, পালিশড করা চালের ভাত, শাকসবজি, ফলমূল কম খাওয়া বা না খাওয়া, ময়দার জিনিস বেশি খাওয়া।



**প্রতিরোধ কি ভাবে করা উচিত?** দেখা গেছে প্রায় সত্তর শতাংশ ক্ষেত্রে কোলোরেক্টাল ক্যান্সার প্রতিরোধ করা সম্ভব। সঠিক জীবন শৈলী, নিয়মিত ব্যায়াম, কম চর্বিযুক্ত খাবার এবং ফাইবার যুক্ত খাবার কোলোরেক্টাল ক্যান্সার প্রতিরোধ করে।

**চিকিৎসা....?** কোলোরেক্টাল ক্যান্সার রোগীদের প্রাথমিকভাবে যদি সনাক্ত করা যায় এবং সঠিক চিকিৎসা হয় প্রায়শই দীর্ঘ সুস্থ জীবনযাপন করা সম্ভব। কোলোরেক্টাল ক্যান্সার হলে চিকিৎসকের পরামর্শ মতো সিটি স্ক্যান করে নিশ্চিত হতে হয় কোলনে একটি মাংসপিন্ড তৈরী হয়েছে। এরপর বায়োপসি ও কোলনোস্কোপি করলে দেখা যায় রোগী কোলন ক্যান্সারে আক্রান্ত হয়েছেন। তখন অস্ত্রোপচারের সিদ্ধান্ত করা হয়। এরপর কেমোথেরাপি ও রেডিওথেরাপি দেওয়া হয়, এবং এটি নির্ভর করে ক্যান্সার কতটা জায়গায় ছড়িয়েছে তার উপর। স্থানীয় মেটাস্টেসে আক্রান্ত রোগীদের প্রায় দুই তৃতীয়াংশ পাঁচ বছর বা তার বেশি বয়স পর্যন্ত বেঁচে থাকেন। কিন্তু যেসব ক্ষেত্রে ক্যান্সার দেরীতে শনাক্ত হয় এবং শরীরের দূরবর্তী অঞ্চলে ছড়িয়ে পড়ে সেখানে পাঁচ বছরের বেশি বেঁচে থাকা খুব কম ক্ষেত্রেই দেখা যায়। কোন সমস্যা থাকলে আজই যোগাযোগ করুন-

আনন্দবাজার পত্রিকা

Date: 09.11.2024

স্তন ক্যানসার নির্ণয়ে নতুন যন্ত্র, পরীক্ষামূলক প্রয়োগ হবে পিজি-তে- আনন্দবাজার পত্রিকা,9th Nov. 2024.

# স্তন ক্যানসার নির্ণয়ে নতুন যন্ত্র, পরীক্ষামূলক প্রয়োগ হবে পিজি-তে

নিজস্ব সংবাদদাতা

দেশ জুড়ে মহিলাদের মধ্যে স্তন ক্যানসারে আক্রান্তের সংখ্যা বাড়ছে। তাই যত তাড়াতাড়ি সম্ভব রোগ চিহ্নিত করে চিকিৎসা শুরু করা প্রয়োজন বলে মনে করছেন ক্যানসার চিকিৎসকেরা। সেই লক্ষ্যে দ্রুত রোগ নির্ণয়ের জন্য পোর্টেবল আলট্রাসাউন্ড ডিভাইস ব্যবহারের ক্লিনিক্যাল ট্রায়াল শুরু করছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। পরীক্ষামূলক ভাবে সেটি করার কেন্দ্র হিসাবে বেছে নেওয়া হয়েছে এসএসকেএম হাসপাতালকে।

পোর্টেবল আলট্রাসাউন্ড ডিভাইসটি ছ'ইঞ্চির একটি যন্ত্র। যার সঙ্গে মোবাইল বা ট্যাবের সংযোগ করা থাকবে। ওই যন্ত্রটির মাধ্যমে সহজেই যে কোনও জায়গায় গিয়ে স্তন ক্যানসার চিহ্নিত করা সম্ভব হবে। শহরাঞ্চলের পাশাপাশি গ্রামে গিয়েও বিভিন্ন শিবিরে মহিলাদের স্তনে টিউমার থাকলে সেটি ক্যানসার কিনা, তা সহজেই বোঝা যাবে ওই যন্ত্রের মাধ্যমে। পিজি-র স্তন ক্যানসার শল্য চিকিৎসক দীপ্তেন্দ্র সরকার জানাচ্ছেন, এই পরীক্ষা করতে রেডিয়োলজিস্ট লাগবে না। অন্য চিকিৎসকেরাই প্রশিক্ষণ নিয়ে তা ব্যবহার করতে পারবেন। তিনি বলেন, ‘‘অন্য চিকিৎসকদের দিয়েও স্তন ক্যানসার চিহ্নিত করা যায়। তারই ক্লিনিক্যাল ট্রায়াল করতে পিজি-কে বেছেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।’’

দীপ্তেন্দ্র এবং আর এক ক্যানসার চিকিৎসক পার্থ বসু এই পরীক্ষামূলক গবেষণা এ রাজ্যে এনেছেন। প্রায় ১৩ মাস ধরে বিভিন্ন ছাড়পত্র পাওয়ার পরেই পিজি-কে ক্লিনিক্যাল ট্রায়ালের চূড়ান্ত অনুমতি দেয় বিশ্ব স্বাস্থ্য সংস্থা। ওই যন্ত্র ব্যবহারের প্রশিক্ষণে পিজি ছাড়াও ডায়মন্ড হারবার মেডিক্যাল কলেজ, এম আর বাঙুর ও ন্যাশনাল মেডিক্যাল কলেজের দু'জন করে চিকিৎসককে রাখা হয়।

দীপ্তেন্দ্র জানান, যন্ত্রটি দিয়ে পরীক্ষার পরে সেই তথ্য নির্দিষ্ট পোর্টালে আপলোড হবে। তাতে ক্লিনিক্যাল ট্রায়ালের সময়ে পরীক্ষার গুণগত মানের দিকে নজর রাখবে ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার। রেডিয়োলজিস্ট নন, এমন কত শতাংশ চিকিৎসক ওই যন্ত্র দিয়ে রোগ নির্ণয় করলেন, তা-ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার নজরে থাকবে। ২০২৫-এর শেষ পর্যন্ত এই গবেষণা চলবে। দীপ্তেন্দ্র জানান, এর পরে তথ্য পর্যালোচনা করে ওই যন্ত্র ব্যবহারের মাধ্যমে দ্রুত স্তন ক্যানসার নির্ণয়ের বিষয়টি প্রকাশ্যে আনবে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

আনন্দবাজার পত্রিকা

Date: 11.11.2024

অটিজমের বাধা পেরিয়েই লিউকিমিয়া-যুদ্ধে জয়ের পথে-আনন্দবাজার পত্রিকা, 11th Nov. 2024

# অটিজ়মের বাধা পেরিয়েই লিউকিমিয়া-যুদ্ধে জয়ের পথে

স্বাতী মল্লিক

যুদ্ধটা শুরু হয়েছিল প্রথম থেকেই। জন্মের পরের দিনই পুত্রসন্তানকে কোলে নিয়ে মায়ের সন্দেহ হয়েছিল, শ্বাস নিতে বোধহয় কোনও সমস্যা হচ্ছে তার। ধরা পড়ে, একরত্তির হৃদ্‌যন্ত্রে ফুটো রয়েছে। আড়াই বছর বয়সে জানা যায়, সে অটিজ়মে আক্রান্ত। শুরু হয় জীবনভর লড়াইয়ের প্রস্তুতি। তবে এর সঙ্গে যে লিউকিমিয়ার মতো মারাত্মক অসুখের সঙ্গেও পাঞ্জা কষতে হবে, তা অতি বড় দুঃস্বপ্নেও ভাবতে পারেননি তার মা-বাবা। লাগাতার কেমোথেরাপি, দীর্ঘ ছ'মাসের হাসপাতাল-যাপন পেরিয়ে বর্তমানে ক্যানসার-মুক্তির দোরগোড়ায় দাঁড়িয়ে বছর পনেরোর অস্মিত মজুমদার। স্বস্তির নিঃশ্বাস ফেলে তার মা অরুজা মজুমদার বলছেন, "মানুষ ক্যানসারের কথা শুনলে ভয়েই মারা যান। তাই সকলকে বলতে চাই যে, একটি অটিস্টিক বাচ্চাকে যদি ক্যানসারের হাত থেকে ফিরিয়ে আনতে পারি, তা হলে আপনারাও পারবেন। দরকার শুধু মনের জোর।"

মধ্য কলকাতার রফি আহমেদ কিদোয়াই রোডের ফ্ল্যাটে সোফায় বসে ভরদুপুরে মোবাইলে মগ্ন ছিল অস্মিত। রান্নাবান্নার ভিডিয়ো বেশ পছন্দ তার। ভাল লাগে কুমোরপাড়ায় প্রতিমা গড়া দেখতে, 'পাপা'-র হাত ধরে বাজারে যেতে। জেঠামশাই আর চার বছরের বড় দিদির সঙ্গে দুষ্টু-মিষ্টি সম্পর্ক। আগন্তুক ঘরে ঢোকার সঙ্গে



মা-বাবার সঙ্গে অস্মিত মজুমদার। *নিজস্ব চিত্র*

সঙ্গেই অবশ্য তাঁর রঙিন ব্যাগের টানে মোবাইল ফেলে কাছে চলে এল সে। মায়ের বারণ শুনে কিঞ্চিৎ পিছপা। তবে দু'-এক শব্দে নিজের পছন্দ-অপছন্দের কথাও জানান দিতে ভোলে না সে।

সমস্যার শুরু কবে থেকে? পেশায় ব্যবসায়ী অরিন্দম ও গৃহবধূ অরুজার দ্বিতীয় সন্তান অস্মিত। তার আড়াই বছর বয়সে অটিজ়ম ধরা পড়ে। যদিও আগেই অরুজা কিছু সন্দেহ করেছিলেন। "মেয়ে অনুষ্কা এক বছর বয়সেই কত কথা বলত। অথচ ছেলে প্রায় কিছুই বলত না। পরে পরীক্ষা করে জানা গেল, ও অটিস্টিক। তখন তো অটিজ়ম শব্দটার মানেই জানতাম না! ডাক্তার যখন ওর সমস্যার কথা বলছেন, তখন মনে হয়েছিল, এ সব কী বলছেন উনি! ছেলে তো সুস্থ!" গলা বুজে আসে অরুজার। পাশে বসা তাঁর 'বাবু' তখন বুঁদ মোবাইলে।

এর পরে বিশেষ স্কুল, বিশেষ শিক্ষিকা, স্পিচথেরাপি, কোভিড-পর্ব পেরিয়ে শুরু হয় ২০২১ সাল। অরিন্দম জানান, সে বছর মার্চ থেকে ছেলের রোজ বিকেলে জ্বর আসা শুরু হল। শহরের কোনও শিশুরোগ চিকিৎসককে দেখাতে বাদ দেননি তাঁরা, কিন্তু কেউই ধরতে পারেননি। টানা এক বছর প্রতিদিন জ্বরভোগের পরে ২০২২ সালে এক দিন বাবার সঙ্গে বাজার থেকে ফিরে ঘরে পড়ে যায় অস্মিত। কোলে তুলে পিজিতে ছোটেন বাবা-জেঠা। দেখা যায়, তার রক্তে হিমোগ্লোবিন নেমেছে ৩.৩-এ, প্লেটলেট পাঁচ হাজার! "মানসিক ভাবে ভেঙে পড়েছিলাম। তখনও জানতাম না, ওর ক্যানসার হয়েছে। এর পরে যোগাযোগ হয় হেমাটোঅঙ্কোলজিস্ট সাজিয়া গুলশনের সঙ্গে। উনি সঙ্গে সঙ্গে বোন ম্যারো পরীক্ষা করিয়ে দ্রুত চিকিৎসা শুরু করেন।"— বলছেন অরিন্দম।

সে সময়ে অস্মিতের মা-বাবার কাছে একমাত্র আশার আলো ছিলেন চিকিৎসক সাজিয়াই। অরুজার হাত ধরে অভয় দিয়েছিলেন তিনি। পাশে ছিলেন শিশুরোগ চিকিৎসক সংযুক্তা দে এবং পিয়ারলেস হাসপাতাল কর্তৃপক্ষও। অরুজা জানান, আট মাস ধরে চলা কেমোথেরাপির জন্য প্রায় ৬ মাস হাসপাতালে ভর্তি ছিল অস্মিত। কেমোর পরে ২১ দিন গ্রিন ডায়েরিয়া হয়েছিল তার। ৬৭ ইউনিট রক্ত, ৪৭ ইউনিট প্লেটলেট, ১৫-১৬ ইউনিট প্লাজ়মা দিতে হয়েছিল তাকে। "রাতের পর রাত রক্তের প্যাকেটের দিকে তাকিয়ে তাকিয়ে কেটে গিয়েছে। বন্ধুবান্ধব, পরিজনেরা অক্লান্ত ভাবে সাধ্যমতো ব্লাড কার্ড জুগিয়ে গিয়েছেন।"— বলছেন অস্মিতের মা। চিকিৎসার বিপুল খরচের ভার কিছুটা লাঘব করতে সাহায্যের হাত বাড়িয়েছিল হাসপাতালও।

কতটা কঠিন ছিল এই লড়াই? সাজিয়া জানাচ্ছেন, অ্যাকিউট লিউকিমিয়া না সারার প্রবণতা বেশি থাকে। তবে অস্মিতের শরীরে আগে মাঝেমধ্যে স্টেরয়েড ঢুকেছিল বলেই হয়তো এক বছর যুঝতে পেরেছিল সে। যদিও রোগী অটিস্টিক হওয়ায় চিকিৎসা অনেক বেশি চ্যালেঞ্জিং ছিল। "কেমোর পরে শারীরিক সমস্যা, রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যাওয়া— এর কোনও কিছুই ও বুঝিয়ে বলতে পারত না। ফলে কোনও সমস্যা হলে তা বাড়াবাড়ি পর্যায়ে পৌঁছে যেত।"— বলেন সাজিয়া। অস্মিতের সঙ্গে ডাক্তার, হাসপাতালের কর্মীদের একটা মানসিক সম্পর্ক গড়ে ওঠায় অনেকটা সুবিধা হয়েছিল বলে মনে করেন শিশুরোগ চিকিৎসক সংযুক্তা। তাঁর মতে, "যে কোনও হাসপাতালে শিশুরোগীদের মানসিক স্বাস্থ্যের দিকটাতেও নজর দেওয়ার প্রয়োজন রয়েছে। কারণ, সুস্থ করার জন্য তাকে মানসিক ভাবে সুস্থ রাখাটাও দরকার।"

অন্ধকারময় সেই দিনগুলোয় অস্মিত অবশ্য বুঝতে পারত যে, ও অসুস্থ। তাই শত কষ্ট হলেও সয়ে নিয়েছে। আবার কখনও বাড়ি ফিরবে বলে হাসপাতাল মাথায় করেছে। সে সময়ে ওকে ভুলিয়ে রাখতে এগিয়ে আসতেন হাসপাতালের নার্স-আয়ারাই। এখন অবশ্য শুধু ওষুধ খাওয়ার পালাটুকুই চলছে। কয়েক মাসের মধ্যে সেই কোর্সও শেষ হবে। তার পরে নির্দিষ্ট সময় অন্তর পরীক্ষা করিয়ে যাওয়ার কথা। তবেই 'ক্যানসারজয়ী'র তকমা পাবে অস্মিত।

সেই দিনের আশাতেই তাকিয়ে তার গোটা পরিবার।

The Statesman

Date: 11.11.2024

Infectious, parasitic diseases killed 21K people in city in '23- The Statesman, 11th Nov.2024

# Infectious, parasitic diseases killed 21K people in city in '23

**AGE CORRESPONDENT**
NEW DELHI, NOV. 10

A Delhi government report has attributed nearly 24 per cent of the total of about 89,000 deaths registered in the national capital in 2023 to infectious and parasitic diseases like cholera, diarrhoea, tuberculosis and hepatitis B, among others.

The medical certification of cause of death report 2023, issued by the directorate of economics and statistics of the Delhi government, said around 21,000 people died due to infectious and parasitic diseases out of the total 88,628 institutional deaths.

The number of institutional deaths due to cancer and related diseases was recorded at 6,054 during 2023, which was almost 12 per cent more than 5,409 registered in 2022.

The maximum number of institutional deaths among the infants were due to slow foetal growth, foetal malnutrition and immaturity (1,517), followed by pneumonia (1,373), septicaemia (1,109), and hypoxia, birth asphyxia and other respiratory conditions (704).

Age-wise, the maximum number of institutional deaths were reported in those aged around 45-64 years. A total of 28,611 (32.28 percent) men and women died in this category in 2023, followed by 26,096 (29.44 percent) people aged 65 years and above, added the report.

The Statesman

Date: 12.11.2024

Bombay HC grants bail to Jet Airways founder on medical grounds- The Statesman, 12th Nov. 2024.

# Bombay HC grants bail to Jet Airways founder on medical grounds

**AGENCIES**
MUMBAI, 11 NOVEMBER

The Bombay High Court on Monday granted bail, on medical grounds, to Jet Airways founder Naresh Goyal in a money laundering case filed by the Enforcement Directorate. The 75-year-old former Jet Airways chairman is suffering from cancer and has sought bail in the case to undergo treatment. Goyal had earlier been granted "interim bail" on medical grounds which has now been made permanent. The Enforcement Directorate (ED) arrested Goyal in September 2023 as he was accused in a case of siphoning out Rs 538.62 crore, which was given to Jet Airways as a loan by Canara Bank, and laundering the money for personal use. The ED counsel had opposed the bail plea, arguing that Goyal could be admitted to a hospital of his choice to undergo treatment while still remaining in custody. In May 2024, the Bombay High Court granted interim bail to Goyal for two months, which later extended another two months. Naresh Goyal's wife, Anita Goyal, was also arrested in November 2023 when the ED submitted a charge sheet in the case. A special court granted her bail the same day, citing her age and health condition. She died on May 16, 2024. The Supreme Court, last week, ordered the liquidation of cash-strapped Jet Airways, saying that the resolution plan, approved five years ago, is no longer capable of implementation.

DECCAN Chronicle

Date: 14.11.2024

Patient's son stabs doc 7 times in TN- Deccan Chronicle, 14th Nov. 2024.

# Patient's son stabs doc 7 times in TN

**T. SUDHEESH | DC**
CHENNAI, NOV. 13



A young man who stabbed a doctor multiple times at Kalaignar Centenary Super Speciality Hospital allegedly over grievances regarding the treatment of his mother, in Chennai. — *PTI*

An oncologist at the Kalaignar Centenary Super Specialty Hospital here was stabbed atleast seven times by the son of a cancer patient on Wednesday. The condition of Dr Balaji Jagannathan, who was admitted in the intensive care unit of the hospital, is reported to be stable. The police arrested M. Vignesh, 26, hailing from Perugulathur.

The government doctor associations in the state seeking better security called for a protest against the attack but called off the strike after talks with the government.

The police said Vignesh entered the cabin of Dr Jagannathan, who was treating stage IV cancer patient Kanchana, Vignesh's mother, under the pretext of discussing the treatment details of his mother. During the conversation, Vignesh turned violent and attacked the doctor with a knife multiple times. The doctor fell on the floor after sustaining injuries on his head, neck and left leg, bleeding profusely.

Dr Jagannathan, the head of the oncology department, had been taking care of Kanchana for the last six months, and had recently administered palliative chemotherapy under supervision.

Deputy Chief Minister Udhayanidhi Stalin who visited the doctor along with health minister Ma. Subramanian and health secretary Supriya Sahu said Dr Jagannathan's condition was stable.

The Statesman

Date: 14.11.2024

Delhi-NCR residents complain of burning eyes, breathing issues due to air pollution- The Statesman, 14th Nov. 2024.

**Delhi-NCR residents complain of burning eyes, breathing issues due to air pollution**: Apart from the national capital, in the NCR cities of Noida and Ghaziabad in Uttar Pradesh and Gurugram in Haryana there was a toxic smog hanging low in the air, making breathing difficult for residents. Abhimanyu Jha, a Delhi resident, voiced the concerns of many as he spoke to IANS, warning that pollution had reached deadly levels. "Pollution has now become fatal," he said, adding that it was causing severe respiratory issues and even cancer among the city's population. Buddh Singh, who was out on the roads for work, noted the worsening conditions: "It`s like walking through fog. My eyes are burning, and it`s difficult to breathe," he said. Prabhunath Dubey, a factory worker, shared similar concerns. "The fog is so thick today that even riding my bicycle has become dangerous," he said.

The Statesman

Date: 14.11.2024

Doctor stabbed inside govt hospital by patient'sson; medics strike work- The Statesman, 14th Nov. 2024

# Doctor stabbed inside govt hospital by patient's son; medics strike work

**M C RAJAN**

CHENNAI, 13 NOVEMBER

A senior doctor on duty was brutally stabbed by the son of a patient at the cancer ward of the Government Kalaignar Centenary Multi Speciality Hospital at Guindy on Wednesday. The incident at a premier government hospital has rattled the medical fraternity and they had gone on indefinite strike demanding adequate protection.

While the doctor, Balaji Jagannathan, who sustained severe stab wounds in the chest, head, and neck, is undergoing treatment, the assailant, Vignesh, who tried to flee, was chased by the hospital staff and the public and handed over to the police. The condition of Balaji is said to be highly critical and he is kept in the ICU.

The Tamil Nadu Government Doctors Association has gone on a state-wide strike. Barring emergency services, doctors would stay away from work at all government hospitals, including PHCs.



Police said the incident took place in the morning when Dr Balaji, Head of the Department of Oncology, was offering consultation to outpatients. The assailant, Vignesh, of suburban Perungalathur, who was accompanying his mother Prema, receiving treatment for cancer, waited for her turn for the consultation. Three of his friends too had come with him. When his turn came, he entered the doctor's consultation room and immediately bolted it from inside before assaulting the doctor with a kitchen knife. Then, leaving the doctor, he ran away amidst the crowd, but the alert hospital staff with the assistance of the people caught him and handed him to the cops. Besides Vignesh, the police are questioning his three other friends. According to hospital sources, Prema had been receiving treatment for an advanced stage of cancer and was given six rounds of chemotherapy. When her condition worsened, she was taken to a private hospital a few days ago.

Deputy Chief Minister Udhayanidhi Stalin, who visited the hospital and inquired into the incident, told the media that the youth, Vignesh, had resorted to the attack owing to a misunderstanding on the treatment and his mother's condition. "The patient was taken to a private hospital where the family was told something about her condition and the treatment which had pushed him to this," he said and assured the protesting doctors that the Government was committed to providing security to the doctors and the medical fraternity.

The Statesman

Date: 15.11.2024

'Crown of Courage' to honour cancer sur-vivors organised-The Statesman,15th Nov. 2024.

**'Crown of Courage' to honour cancer survivors organised**: The "Crown of Courage" ceremony to honour the cancer survivors and their unyielding strength and resilience in facing challenges organised in Indirapuram, Ghaziabad. The event was graced by Femina Miss India World 2024 Nikita Porwal, Femina Miss India 2024 - 1st Runner-up- Rekha Pandey, Femina Miss India 2024 - 2nd Runner-up Aayushi Dholakia along with other distinguished dignitaries. The ceremony was organised at Yashoda Medicity, an upcoming quaternary healthcare facility in NCR.

The Statesman

Date: 15.11.2024

Govt doctor stabbed in daylight attack is safe, medics call off strike-The Statesman, 15th Nov. 2024

# Govt doctor stabbed in daylight attack is safe, medics call off strike



**STATESMAN NEWS SERVICE**
CHENNAI, 14 NOVEMBER

The senior oncologist who was attacked by a patient's son and sustained seven stab wounds at the Government Kalaignar Centenary Super Speciality Hospital (KCSSH) in the city on Wednesday is safe and his condition is normal, Tamil Nadu Health Minister Ma Subramanian has said.

In a video released on Thursday, a cheerful Dr Balaji Jagannathan, was seen taking breakfast and having conversation with a team of doctors attending to him. He also says that he is keeping fine.

After visiting the doctor who was recovering at the KCSSH, at Guindy, the minister told the media that Dr Balalji would be shifted from the ICU to a normal ward.

On enhancing security at hospitals, he said the tag system would also be implemented in a phased manner to the attendants accompanying outpatients at all Government Hospitals – 36 government medical College hospitals and 35 government district headquarters hospitals. Further, installing CCTV cameras and bio-metric registration would also be brought in, he added.

The assailant, Vignesh of suburban Perungalathur, who had accompanied his mother, Prema, a patient receiving treatment for advanced stage of cancer, has been remanded to custody and seven stringent sections have been invoked against him, the minister informed.

Dr Balaji, an Associate professor at the KCSSH, was assaulted while was engaged in giving consultation to outpatients at the Cancer ward. Vignesh, accompanied by three of his friends waited for his turn and on entering the consultation room bolted it from inside and complained that his mother was not given proper treatment and then attacked the doctor with a kitchen knife. Dr Balaji sustained severe wounds in the head, neck and chest. Leaving the doctor in a pool of blood, he tried to fell, but was chased and thrashed by the hospital staff, who then handed him over to the police.

একদিন
এগিয়ে চলার সঙ্গী

Date: 17.11.2024

সচেতনতাই ক্যান্সারের বিরুদ্ধে লড়াইয়ের প্রধান হাতিয়ার। এই নিয়েই এক আলোচনাসভা অনুষ্ঠিত হল বি.পি. পোদ্দার হসপিটালে, বিষয় ছিল- 'ট্রিটমেন্ট অব সারকোমা'। ক্যান্সার বিশেষজ্ঞদের পাশাপাশি উপস্থিত ছিলেন অন্যান্য বিভাগের স্বনামধন্য চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা। অনুষ্ঠানের প্রধান বক্তা ছিলেন ডক্টর সানি খান্না। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন চিফ অফ অপারেশনস নম্রতা ভট্টাচার্য।–একদিন, 17th Nov. 2024.




সচেতনতাই ক্যান্সারের বিরুদ্ধে লড়াইয়ের প্রধান হাতিয়ার। এই নিয়েই এক আলোচনাসভা অনুষ্ঠিত হল বি.পি. পোদ্দার হসপিটালে, বিষয় ছিল- 'ট্রিটমেন্ট অব সারকোমা'। ক্যান্সার বিশেষজ্ঞদের পাশাপাশি উপস্থিত ছিলেন অন্যান্য বিভাগের স্বনামধন্য চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা। অনুষ্ঠানের প্রধান বক্তা ছিলেন ডক্টর সানি খান্না। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন চিফ অফ অপারেশনস নম্রতা ভট্টাচার্য।

আনন্দবাজার পত্রিকা

Date: 23.11.2024

**প্রশ্ন: ফুসফুসের ক্যান্সার কী?**

**উত্তর:** ফুসফুসের ক্যান্সার হল এমন একটি অবস্থা যেখানে ফুসফুসের কোষগুলি অস্বাভাবিকভাবে বেড়ে ওঠে এবং টিউমার তৈরি করে। এটি দুই ধরনের: নন-স্মল সেল ফুসফুস ক্যান্সার (এনএসসিএলসি), যা ৮৫% ক্ষেত্রে হয় এবং সাধারণত ধীরে বাড়ে এবং ছোট কোষের ফুসফুস ক্যান্সার (এসসিএলসি), যা বেশ আক্রমণাত্মক।

**প্রশ্ন: ফুসফুসের ক্যান্সারের কারণ কী?**

**উত্তর:** ফুসফুসের ক্যান্সারের মূল কারণ ধূমপান। প্রায় ৮৫% ক্ষেত্রে দীর্ঘ সময় ধরে তামাক সেবন এই ক্যান্সারের জন্য দায়ী। ধূমপান না করেও কেউ ফুসফুসের ক্যান্সার আক্রান্ত হতে পারে যদি তারা অ্যাসবেস্টস, রেডন গ্যাস বা দূষিত বাতাসের সংস্পর্শে থাকে। কিছু ক্ষেত্রে, জেনেটিক কারণও ভূমিকা রাখতে পারে।

**প্রশ্ন: ফুসফুসের ক্যান্সারের লক্ষণগুলো কী কী?**

**উত্তর:** সাধারণ লক্ষণগুলোর মধ্যে আছে: ক্রমাগত কাশি, কণ্ঠের স্বরে পরিবর্তন, অজানা কারণে ওজন কমে যাওয়া, শ্বাসকষ্ট, বুকে স্থায়ী ব্যথা এবং কাশির সঙ্গে রক্ত বের হওয়া।

**প্রশ্ন: কীভাবে ফুসফুসের ক্যান্সার নির্ণয় করা হয়?**

**উত্তর:** এক্স-রে, সিটি স্ক্যান, থুতুর পরীক্ষার মাধ্যমে এবং বায়োপ্সি করে ফুসফুসের ক্যান্সার নির্ণয় করা হয়।

**প্রশ্ন: ফুসফুসের ক্যান্সারের চিকিৎসার উপায় কী কী?**

**উত্তর:** ফুসফুসের ক্যান্সারের চিকিৎসায় বিভিন্ন পদ্ধতি আছে, যেমন সার্জারি, রেডিয়েশন থেরাপি, কেমোথেরাপি, টার্গেটেড থেরাপি ও ইমিউনোথেরাপি।

**প্রশ্ন: ফুসফুসের ক্যান্সার প্রতিরোধ করা কি সম্ভব?**

**উত্তর:** পুরোপুরি প্রতিরোধ করা সম্ভব না হলেও, ধূমপান থেকে দূরে থাকা, ক্ষতিকারক রাসায়নিকের সংস্পর্শ কমানো, স্বাস্থ্যকর জীবনযাপন এবং ঝুঁকিপূর্ণ ব্যক্তিদের জন্য নিয়মিত স্ক্রিনিং করার মাধ্যমে ঝুঁকি অনেকটাই কমানো যায়।

**প্রশ্ন: কেন প্রাথমিক পর্যায়ে সনাক্তকরণ গুরুত্বপূর্ণ?**

**উত্তর:** ফুসফুসের ক্যান্সার যদি প্রাথমিক পর্যায়ে ধরা পড়ে, তবে চিকিৎসার সাফল্যের সম্ভাবনা অনেক বেড়ে যায়। মেটাস্ট্যাসিস হওয়ার আগে (যখন শরীরের অন্যান্য অংশে ছড়িয়ে পড়েনি) ধরা পড়লে শুধু অস্ত্রোপচারের মাধ্যমেই অনেক ক্ষেত্রে নিরাময় সম্ভব।

**প্রশ্ন: ফুসফুসের ক্যান্সারের ঝুঁকির কারণ কী কী?**

**উত্তর:** ধূমপান ছাড়াও সেকেন্ড-হ্যান্ড স্মোক (অন্যের ধূমপানের ধোঁয়া), পারিবারিক ইতিহাস, কার্সিনোজেনের সংস্পর্শ এবং কিছু খাবারের সাপ্লিমেন্টও ঝুঁকির কারণ হতে পারে।

ফুসফুসের ক্যান্সার একটি মারাত্মক রোগ হলেও সচেতনতা ও প্রয়োজনীয় তথ্য ঝুঁকি কমাতে সাহায্য করে। লক্ষণগুলো সম্পর্কে সচেতন হওয়া, ঝুঁকির কারণগুলো বোঝা এবং নিয়মিত স্ক্রিনিং রোগ নির্ণয় ও প্রতিরোধে কার্যকর ভূমিকা রাখতে পারে। আপনার জীবনযাপন স্বাস্থ্যকর রাখুন এবং ফুসফুসের ক্যান্সার সম্পর্কে সচেতনতা বাড়ান।

সতর্কীকরণ: জনস্বার্থ ও সচেতনতার জন্য জারি করা হয়েছে

The Statesman

Date: 24.11.2024

'Rubaroo' hosted-The Statesman, 24th Nov. 2024

**'Rubaroo' hosted**: A 'Rubaroo` event in Mayur Vihar in the Capital, has celebrated strength and hope for cancer patients and survivors. The event, organised by Dharamshila Narayana Hospital, witnessed the inspiring stories and experiences shared by cancer warriors, who motivated the attendees with their resilience and determination.

আনন্দবাজার পত্রিকা

Date: 26.11.2024

ক্যানসারের টুটি চেপে ধরে লড়াই, জীবনকে রোজ জেতাচ্ছেন ইসমত-আনন্দবাজার পত্রিকা, 26th Nov. 2024

# ক্যানসারের টুঁটি চেপে ধরে লড়াই, জীবনকে রোজ জেতাচ্ছেন ইসমত

সোমা মুখোপাধ্যায়

ডাক্তার বলছেন, "বড় জোর মাস তিনেক। কেমোথেরাপি করিয়ে কষ্ট দেবেন? ওঁকে ওঁর মতোই থাকতে দিন বরং।" স্বামী, দাদা হতবাক। ধাক্কাটা সামলে উঠতে পারছেন না কেউই। যাঁকে নিয়ে এই দিন-মাসের হিসেব, তিনি তত ক্ষণে ঘর ছেড়ে বেরিয়ে বসেছেন বাইরের চেয়ারে। ব্যাগে সব সময়ে থাকে একটা নোটবই আর পেন। ১, ২, ৩ করে তিনি লিখে ফেলছেন, তিন মাসে ঠিক কী কী কাজ গোছাতে হবে। স্কুলপড়ুয়া ছেলে-মেয়েকে হস্টেলে পাঠানো, সংসারের খুঁটিনাটি স্বামীকে বোঝানো, বাবা-মায়ের সন্তানশোক সামলানোর জন্য কিছু ভাবনাচিন্তা, এমনকি, নিজের গয়নাগুলো কাকে দিয়ে যাবেন সেগুলো ঠিক করার কথাও ছিল ওই তালিকায়।

১২ বছর আগে মুম্বইয়ের নামী ক্যানসার হাসপাতালের আউটডোরে যে জীবননাট্য শুরু, কলকাতার রাধানাথ চৌধুরী রোডের ফ্ল্যাটে প্রতি দিন তা লেখা হচ্ছে একটু একটু করে। প্রতি দিন ৪টি করে 'অ্যান্টি ক্যানসার ড্রাগ', আর প্রতি ২১ দিন অন্তর হাসপাতালে ভর্তি হয়ে 'টার্গেটেড থেরাপি'। সব মিলিয়ে গত ১২ বছরে ৩০০-রও বেশি ক্যানসার প্রতিরোধী ইঞ্জেকশন নেওয়া হয়ে গিয়েছে। আজীবন নিয়ে যেতে হবে এ ভাবেই। কিন্তু তা নিয়ে বিন্দুমাত্র আক্ষেপ নেই ৫৪ বছরের ইসমত খানের। তিনি বলছেন, "আসল তো হল বেঁচে থাকাটা। যত দিন বাঁচব, জীবনকে ভালবেসে বাঁচব। সেই মেয়াদ যদি ১২ বছর আগে মাত্র তিন মাসের হত, তা হলে ওই তিনটে মাসকেই নিজের মতো করে উদ্‌যাপন করতাম।"

দুই স্তন, বাহুমূল, থাইরয়েড,



নিজের বাড়িতে ইসমত খান। *নিজস্ব চিত্র*

লিভার, এই সমস্ত অঙ্গে আগ্রাসী ক্যানসার নিয়ে মুম্বই ছুটেছিলেন ইসমত, স্বামী জাহির হোসেন খান এবং ইউরোপ প্রবাসী চিকিৎসক দাদা জুবের কবীর। স্টেজ ফোর ক্যানসার রোগীকে মুম্বইয়ের ওই ক্যানসার হাসপাতাল আক্ষরিক অর্থেই জবাব দিয়ে দেওয়ার পর দাদা বিশ্বের বিভিন্ন প্রান্তে তাঁর চিকিৎসক-বন্ধুদের সঙ্গে আলোচনা শুরু করেন বোনের রিপোর্ট নিয়ে। সম্মিলিত ভাবে ঠিক হয় চিকিৎসার প্রোটোকল। মুম্বইয়েরই আর এক হাসপাতালে শুরু হয় চিকিৎসা। নিভে যেতে যেতেও একেবারে শেষ মুহূর্তে সেই চিকিৎসায় সাড়া দেন ইসমত। তার পর থেকে এক যুগ ধরে চলছে চিকিৎসা। এখন কলকাতার অ্যাপোলো হাসপাতালে চিকিৎসক পি এন মহাপাত্রের তত্ত্বাবধানে প্রতি ২১ দিন অন্তর ভর্তি হন তিনি।

চিকিৎসক মহাপাত্র বলেন, "ওঁর ক্যানসার খুবই আগ্রাসী ছিল। এই সব ক্ষেত্রে টার্গেটেড থেরাপিতে কয়েক বছর হয়তো অনেকে ঠিক থাকেন। কিন্তু ওঁর এই দীর্ঘমেয়াদি ভাল থাকার পিছনে ওষুধের পাশাপাশি বড় হয়ে উঠেছে ওঁর মনের জোর। ওই জোরটাই ওঁকে রোগের মুখোমুখি দাঁড় করিয়ে লড়াচ্ছে।"

বাজারহাট থেকে রান্নাবান্না, ঘরের কাজ সব একা হাতেই সামলান। ছেলেমেয়ে দুজনেই এই মুহূর্তে চাকরিসূত্রে বেঙ্গালুরুবাসী। মাত্র তিন মাস আগে ইসমতের জীবনে ঘটে গিয়েছে এক বিপর্যয়। আগাগোড়া তাঁকে আগলে রাখা জাহির গত অগস্টে চলে গেছেন। ইসমত বলেন, "আমার জন্য চিন্তা করতে করতে মানুষটা নিজের কথা ভাবেনি। মারাত্মক সুগার। 'মাল্টি অর্গান ফেলিওর' হয়েছিল। তার আগের ৯ মাস বাড়ি আর হাসপাতাল—এ ভাবেই কেটেছে আমার। কখনও উনি হাসপাতালে ভর্তি হচ্ছেন, কখনও আমি। তা-ও ধরে রাখতে পারলাম না।" ছেলে-মেয়ে এখন মাকে নিজেদের কাছে নিয়ে রাখতে চান। ইসমত বলেন, "আমার জীবনটাকে যত্নে রাখতে গিয়ে আমার স্বামী অন্য কোনও কিছু ভাবেননি। ওঁর অবর্তমানে নিজেকে অবহেলা করে সেই চেষ্টাকে বিফলে যেতে দিতে পারি না।"

কেমো পোর্টের মাধ্যমে তিন সপ্তাহ অন্তর ওষুধ ঢোকে তাঁর শরীরে। প্রতি দু'মাস অন্তর ইকোকার্ডিয়োগ্রাম করে দেখা হয় হার্টের অবস্থা, বুঝে নেওয়া হয় পরের ওষুধের জন্য তাঁর হার্ট প্রস্তুত কি না। "যে দিন জানা যাবে প্রস্তুত নয়, সে দিন বুঝব ঘণ্টা বেজে গেছে। অনেকের ক্যানসার সেরে যায়। আমার ক্ষেত্রে তো তা নয়। আমাকে অহরহ রোগটার মুখোমুখি দাঁড়িয়ে তার টুঁটি চেপে ধরে দমিয়ে রাখতে হয়। আমার জীবনের মন্ত্র 'দুবেলা মরার আগে মরব না ভাই মরব না'।"

এই মন্ত্র থেকেই প্রতি মাসে হাসপাতালে ভর্তি হওয়ার পর ক্যানসার ওয়ার্ডে ভর্তি রোগী ও তাঁদের পরিবারের মানুষদের কাছে পৌঁছে যান

এর পর পৃঃ ৫

## ইসমত

পৃঃ ১-এর পর

ইসমত। তাঁদের সাহস জোগান। বলেন, 'লড়ে যাও। আগেই হেরে বসে থেকো না।' ইসমতের কথায়, "অনেককেই দেখি স্টেজ ওয়ান বা স্টেজ টু। তাতেই তাঁরা মারাত্মক ভেঙে পড়েছেন। কান্নাকাটি করছেন। ধরেই নিয়েছেন, সব শেষ। তাঁদের আমার জীবনের কথা বলি। এতগুলো অঙ্গে রোগ ছড়ানোর পরেও কী ভাবে দিব্যি বেঁচে আছি, সেই গল্প শোনাই।" আর এ ভাবেই ওই হাসপাতালে ইসমত এখন অত্যন্ত চেনা মুখ। তাঁর উদাহরণ মুখে মুখে ঘোরে।

'টার্গেটেড থেরাপি' ক্যানসারের কোনও কোনও ক্ষেত্রে যুগান্তকারী বদল আনছে বলে দাবি চিকিৎসকদের। তাঁরা অনেকেই মনে করছেন, যেহেতু ক্যানসার সম্পর্কে লালিত আতঙ্ক অনেকটাই কাটাতে পারছে এই থেরাপি, অথচ খরচের কারণে অনেকে তার নাগাল পাচ্ছেন না, তাই সরকারি স্তরে এ নিয়ে ভাবনাচিন্তা বাড়ানো দরকার। তবে সকলেই জোর দিয়েছেন ইতিবাচক মানসিকতার উপরেও। শল্য চিকিৎসক দীপ্তেন্দ্র সরকারের কথায়, "রোগী, তাঁর ডাক্তার, পরিবার, পারিপার্শ্বিক সমাজ— সকলের ভূমিকা রয়েছে। ডাক্তার যদি রিপোর্ট দেখে ভ্রু কুঁচকে বলেন, 'একেবারেই ভাল বুঝছি না', রোগী যদি ভাবতে থাকেন 'চিকিৎসা করিয়ে লাভটা কী', পরিবার ও পরিজন যদি রোগীকে প্রতি মুহূর্তে অনুভব করায়, তিনি আর ক'দিনের অতিথি, তাঁকে বাড়তি খাতির করে, করুণা করে সেটা বুঝিয়ে দেওয়া হয়, তা হলে কোনও থেরাপিই তেমন সফল হবে কি? আর স্বাভাবিক আচরণ দরকার ক্যানসার রোগীর সঙ্গে। এটা বোঝার সময় এসেছে।"

ইসমত তা বুঝেছেন। তাঁর পরিবার বুঝেছে।

জীবনের নাম তাই ইসমত।

আনন্দবাজার পত্রিকা

Date: 30.11.2024

ক্যান্সার নিয়ে সাধারণ মানুষের মনে ভুল ধারণা - আনন্দবাজার পত্রিকা,30th Nov. 2024.

# ক্যান্সার নিয়ে সাধারণ মানুষের মনে ভুল ধারণা

ডাঃ পৌলমী বসু, ক্যান্সার বিশেষজ্ঞ, এনসিআরআই হসপিটাল

একদিন ছিল যখন মানুষ বলত cancer has no answer- কিন্তু বর্তমানে cancer has definite answer। এমন কিছু ক্যান্সার আছে যাদের প্রাথমিক পর্যায়ে ধরতে পারলে এবং ঠিকমতো চিকিৎসা করলে সম্পূর্ণ সারিয়ে ফেলা সম্ভব। ক্যান্সার মানে শুধুই যে অপারেশন করে আক্রান্ত অংশটি বাদ দেওয়া, তা নয়। কেমোথেরাপি, টার্গেটি থেরাপি রেডিওথেরাপি, ইমিউনো থেরাপির মতো নানা চিকিৎসা রয়েছে; যার যেটা প্রয়োজন তাকে সেই ধরনের চিকিৎসা করে সারিয়ে ফেলা যায়। তাই ক্যান্সার মানেই যে নিশ্চিত মৃত্যু এখন আর এই কথাটি বলা যায় না। ক্যান্সারের এই সব চিকিৎসার মাধ্যমে রোগীর জীবনকাল দশ, পনেরো বছর অনায়াসে বাড়িয়ে ফেলা সম্ভব। দ্বিতীয়ত, ক্যান্সার হলে অনেকে প্রথমেই এলোপ্যাথি ছাড়া অন্য নানারকম চিকিৎসা করতে গিয়ে বেশ কিছুটা সময় নষ্ট করে ফেলেন।তারপর যখন হতাশ হয়ে



ক্যান্সারের সঠিক চিকিৎসায় আসেন, তখন অনেকটা সময় পেরিয়ে যায়। দেখা যায় রোগী তখন তৃতীয় কিংবা চতুর্থ স্টেজে চলে গেছেন। ফলে একজন ক্যান্সার বিশেষজ্ঞের সব রকম চেষ্টা ব্যর্থ হয়। এই ভুলগুলো কখনো করবেন না। প্রথমেই ক্যান্সার হসপিটালে যোগাযোগ করুন। এতে রোগী সুস্থ হবেন তাড়াতাড়ি। তৃতীয়ত, কেমোথেরাপি চিকিৎসা শুনলে অনেকেই ভীত হয়ে পড়েন।ভাবেন হয়তো চুল উঠে যাবে, নানারকম সমস্যা হবে কেমোথেরাপি নিলে। তাই অপারেশনের পর চিকিৎসা কন্টিনিউ করেন না। ভাবেন ভালো হয়ে গেছেন। আসলে ক্যান্সার কিন্তু ঘাপটি মেরে শরীরে লুকিয়ে থাকে। কিছুদিন বাদে রোগটি মাথা চাড়া দিয়ে ওঠে। আবার শুরু হয় ক্যান্সারের সঙ্গে লড়াই। কেমোথেরাপি নিয়ে ভীত হবার কিছু নেই। এটা ক্যান্সার চিকিৎসার একটি অঙ্গ। রেডিওথেরাপি ক্যান্সার চিকিৎসার আরেকটি অঙ্গ। কেমো বা রেডিওথেরাপির কিছু পার্শপ্রতিক্রিয়া নিশ্চয় আছে। কিন্তু চিকিৎসা পর্ব শেষ হলেই রোগী পার্শ্বপ্রতিক্রিয়া মুক্ত হয়ে স্বাভাবিক জীবনযাপন করে। এছাড়া এখন ক্যান্সার চিকিৎসাতে এতো আধুনিকীকরণ হয়েছে যে রোগীর শরীরের জিনের মিউটেশন নির্ধারণ করে টার্গেটেড থেরাপি, ইমিউনো থেরাপি ইত্যাদির মাধ্যমে রোগীকে দীর্ঘমেয়াদি সুস্থতা দেওয়া সম্ভব।

আপনার শরীরের যে কোন সমস্যা দেখা দিলে আমাদের হসপিটালের ওপিডিতে এসে দেখান এবং সঠিক চিকিৎসায় সম্পূর্ণ সুস্থ হয়ে উঠুন।

আনন্দবাজার পত্রিকা

Date: 30.11.2024

ফুসফুসের ক্যান্সার: উপসর্গ ও চিকিৎসা- আনন্দবাজার পত্রিকা,30th Nov. 2024.



# ফুসফুসের ক্যান্সার: উপসর্গ ও চিকিৎসা

বিশেষজ্ঞের বার্তা

**ডাঃ সুদীপ দাস**
হেড- মেডিকেল ও হেমাটো-অঙ্কোলজি
MBBS, MD (Radiotherapy)
DM (Medical Oncology)

ক্যান্সারজনিত মৃত্যুর ক্ষেত্রে ফুসফুস ক্যান্সার এখন শীর্ষে। অথচ শেষ পর্যায়ে পৌঁছানোর আগে স্পষ্ট ভাবে কোনও উপসর্গ বোঝা কঠিন। তাই বুকে ব্যথা ও হাঁফ ধরা সহ নতুন করে কাশি দেখা দিলে ডাক্তারের পরামর্শ নেওয়াই বাঞ্ছনীয়। ফুসফুসের ক্যান্সার ও তার চিকিৎসা নিয়ে সবিস্তার জানাচ্ছেন মেডিকেল ও হেমাটো-অঙ্কোলজিস্ট **ডাঃ সুদীপ দাস**

**১. ধূমপায়ীদের ক্ষেত্রে ঝুঁকি বেশি কেন?**

তামাক জাতীয় দ্রব্যে কার্সিনোজেন থাকায় ফুসফুসের লাইনিং ক্ষতিগ্রস্ত হয়। বারংবার এর সংস্পর্শে আসার ফলে ফুসফুস এতটাই দুর্বল হয়ে পড়ে যে ক্ষতি মেরামত করতে পারে না এবং ক্রমে ক্যান্সার-এর দিকে এগিয়ে যায়। বহু বছর ধরে ধূমপান করার পরেও এই অভ্যাস ত্যাগ করতে পারলে ঝুঁকি অনেকটাই কমে। তবে যারা ধূমপান করেন না তাদেরও এই রোগ হতে পারে।

**২. কী কী লক্ষণ হতে পারে?**

সাধারণত ক্যান্সার শেষ পর্যায়ে পৌঁছানোর পরেই লক্ষণ স্পষ্ট হয়। নতুন করে কাশি হওয়া এবং তা সারতে না চাওয়া, বুকে ব্যথা, কাশির সঙ্গে রক্ত, কর্কশতা, হাঁফ ধরা বা নিঃশ্বাসের সঙ্গে সাঁ-সাঁ শব্দ হওয়ার মতো উপসর্গের দিকে নজর রাখুন। ক্যান্সার যদি ক্রমবর্ধমান হয় তাহলে শ্বাসনালিতে বাধা সৃষ্টি হওয়া ও ফুসফুসে তরল জমার কারণ হতে পারে।

**৩. এর চিকিৎসা কী ?**

চিকিৎসা নির্ভর করে ক্যান্সার-এর প্রকার, অবস্থান ও বিস্তারের উপর। প্রাথমিক পর্যায়ে ক্যান্সার আকারে ছোট এবং ফুসফুসে সীমাবদ্ধ থাকায় সাধারণত সার্জারি-এর মাধ্যমেই চিকিৎসা হয়। ক্যান্সার বড় হয়ে ফুসফুসের বাইরে ছড়িয়ে পড়লে চিকিৎসক রেডিওথেরাপি ও/বা কেমোথেরাপির পরামর্শ দিয়ে থাকেন। বর্তমানে ক্যান্সার চিকিৎসায় উন্নতির ফলে ইম্যুনোথেরাপি ও টার্গেটেড থেরাপি-এর মতো পদ্ধতি রোগীকে আরও ভাল থাকতে সাহায্য করছে।

# November 2024

## Newspaper Clips

Chittaranjan National Cancer Institute

Central Library